



২১ চৈত্র ১৪৩২

DU in Media

04 April 2026

আলোকিত বাংলাদেশ



ঢাবি উপাচার্যের সঙ্গে জার্মান অধ্যাপকের সাক্ষাৎ

আলোকিত ডেস্ক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম-এর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন জার্মানির হাইনরিখ হাইনে ইউনিভার্সিটি ডুসেলডর্ফ (Heinrich Heine Universität Dusseldorf)-এর ইনঅর্গানিক অ্যান্ড স্ট্রাকচারাল কেমিস্ট্রি বিভাগের সভাপতি অধ্যাপক ড. ক্রিস্টফ অয়নেক (Prof. Dr. Christoph Janiak)।

সাক্ষাৎকালে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. এনামউল্লাহ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম উপস্থিত ছিলেন। গত বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয় উপাচার্যের কার্যালয়ে অনুষ্ঠিত এ সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। এসময় কেমিস্ট্রি ও ম্যাটেরিয়ালস সায়েন্স বিষয়ে যৌথ গবেষণা, শিক্ষার্থী ও শিক্ষক বিনিময়, গবেষণার অবকাঠামো উন্নয়ন এবং আন্তর্জাতিক সহযোগিতা জোরদারের ওপর গুরুত্বারোপ করা হয়। আলোচনায় উভয় পক্ষই পরিবেশবান্ধব নতুন উপকরণ উদ্ভাবন, দূষণ নিয়ন্ত্রণে আধুনিক প্রযুক্তির ব্যবহার এবং উদীয়মান বৈজ্ঞানিক চ্যালেঞ্জ মোকাবেলায় যৌথ গবেষণার সম্ভাবনা নিয়ে মতবিনিময় করেন। তারা উল্লেখ করেন, পারস্পরিক সহযোগিতার মাধ্যমে গবেষণার গুণগত মান বৃদ্ধি এবং বৈশ্বিক প্রতিযোগিতায় টিকে থাকতে সক্ষমতা অর্জন সম্ভব। উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম আন্তর্জাতিক গবেষণা সহযোগিতা জোরদারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আগ্রহের কথা পুনরুক্ত করেন এবং ভবিষ্যতে যৌথ উদ্যোগ গ্রহণের ব্যাপারে আশাবাদ ব্যক্ত করেন। অপরদিকে অধ্যাপক ড. ক্রিস্টফ অয়নেক দুই প্রতিষ্ঠানের মধ্যে গবেষণা ও একাডেমিক সহযোগিতা সম্প্রসারণে আগ্রহ প্রকাশ করেন। সূত্র: সংবাদ বিজ্ঞপ্তি



২১ চৈত্র ১৪৩২

DU in Media

04 April 2026

The New Age



Dhaka University vice-chancellor Professor ABM Obaidul Islam inaugurates the diamond jubilee celebration programmes of the DU Rover Scout Group by releasing balloons at the Teachers-Students Centre on the university campus on Friday.

— Press release

DU Rover Scout celebrates diamond jubilee

Staff Correspondent

THE Dhaka University Rover Scout Group celebrated its diamond jubilee at the Teachers-Students Centre on the university campus on Friday.

The group has organised various programmes on this occasion, including rally, flag hoisting, balloon and releasing of pigeon, said a press release.

DU vice-chancellor Professor ABM Obaidul Islam inaugurated the programme by releasing balloons and pigeons at the TSC while state minister for primary and mass education Bobby Hajjaj was present as chief guest at the inaugural session.

The programme was presided over by Dhaka University Rover Scout Group president and DU pro-VC, administration, Professor Sayema Haque Bidisha.

যায়যায়দিন



ঢাকা বিশ্ববিদ্যালয় রোডার স্কাউট গ্রুপের ৬০ বছর পূর্তিতে রক্তবায় টিএসপি গ্রাসপে বেলুন উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করা হয়

-ফেহাস বাংলা

ঢাবি রোডার স্কাউট গ্রুপের হীরক জয়ন্তী উদযাপন

■ যামিনি রিপোর্ট

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) রোডার স্কাউট গ্রুপের ৬০ বছর পূর্তি উপলক্ষে হীরক জয়ন্তী উৎসব উদযাপিত হয়েছে। এ উপলক্ষে দুই দিনব্যাপী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়। কর্মসূচির মধ্যে ছিল- র্যালি, পতাকা উত্তোলন, বেলুন ও পায়রা উড়ানো প্রভৃতি।

রক্তবায় (৩ এপুল) ঢাবির ছাত্র-শিক্ষক কেন্দ্রে বেলুন ও পায়রা উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। উদ্বোধনী পর্বে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতি মন্ত্রী বনি হাজরা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় রোডার স্কাউট গ্রুপের সভাপতি প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক মিলিশাহ সভাপতিত্বে অনুষ্ঠানে পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকির, ঢাবির কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আবুল কালাম সরকার এবং ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাক্তন রোডার স্কাউট ফোরামের (ভুরসেফ) সভাপতি মোহাম্মদ শাহজাহান বিশেষ

■ পৃষ্ঠা ১১ কলাম ৪

ঢাবি রোডার স্কাউট গ্রুপের হীরক জয়ন্তী

■ শেখ পৃথ্বী পর

অতিথি হিসেবে বক্তব্য দেন।

রোডার স্কাউট গ্রুপের উপদেষ্টা অধ্যাপক মো. রমজুল হক স্কাউট ব্যক্তিত্ব হিসেবে বক্তব্য দেন। রোডার স্কাউট গ্রুপের লিডার ড. ফতিমা আক্তার স্বাগত বক্তব্য দেন। হীরক জয়ন্তী উদযাপন কমিটির সদস্য সচিব মোহাম্মদ জাহির আহমেদ সরকার ধন্যবাদ জ্ঞাপন করেন। রোডার স্কাউট গ্রুপের লিডার তানজীনা বিনতে নূর ও প্রাক্তন সিনিয়র রোডার মেট মেহেন্নী হাসান অনুষ্ঠান সম্বলন করেন। উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় রোডার স্কাউট গ্রুপ দীর্ঘ দশক ধরে শৃঙ্খলা, সেবা ও মানবিক মূল্যবোধের মাধ্যমে দক্ষ ও নারীত্বপূর্ণ নাগরিক তৈরিতে অনন্য ভূমিকা পালন করেছে।

সমাজ পরিবর্তনে স্কাউটদের ভূমিকার প্রশংসা করে তিনি বলেন, অসামাজিক কার্যক্রম রোধ ও জনসচেতনতা বৃদ্ধিতে তাদের আরো সক্রিয় ভূমিকা পালন করতে হবে। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে পরিষ্কার-পরিচ্ছন্ন ও সুশৃঙ্খল রাখতেও তিনি স্কাউট সদস্যদের অগ্রাধিকার ভূমিকা পালনের আহ্বান জানান। তিনি স্কাউটদের সেবামূলক কার্যক্রমে সব ধরনের সহযোগিতার আহ্বান দেন।

প্রাথমিক ও গণশিক্ষা প্রতি মন্ত্রী বনি হাজরা বলেন, জাতীয় উন্নয়ন ও সামাজিক সচেতনতা বৃদ্ধিতে ২০ লাখ স্কাউটকে সরকারি কর্মসূচিতে সম্পৃক্ত করা হবে। তিনি 'মেন্টরিং', ক্যাম্পাউন এবং ছাত্রলীগ সশস্ত্রনৈতিক জনসেবামূলক কাজে স্কাউটদের দক্ষতা ও নৈতিকতাকে কাজে লাগানোর ওপর গুরুত্বারোপ করেন। সুশৃঙ্খল ও প্রশিক্ষণপ্রাপ্ত স্কাউট বাহিনী আগামী দিনে দেশ ও সমাজ গঠনে সরাসরি নেতৃত্ব দেবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় রোডার স্কাউট গ্রুপের ৬০ বছর পূর্তি উপলক্ষে বৃহস্পতিবার (২ এপুল) রবিবার হীরক জয়ন্তীতে ক্যাম্প অনুষ্ঠিত হয়। এতে ক্যাম্প চিফ হিসেবে দায়িত্ব পালন করেন ঢাকা বিশ্ববিদ্যালয় রোডার স্কাউট গ্রুপের রোডার স্কাউট লিডার ড. হীর শরীফুল ইসলাম। ক্যাম্পের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পুলিশের ইন্সপেক্টর জেনারেল (আইজিপি) মো. আলী হোসেন ফকির ও বিশেষ ছিলেন ঢাকা মহানগর পুলিশের ভারপ্রাপ্ত কমিশনার মো. সরওয়ার।

এ ছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয় রোডার স্কাউট গ্রুপের রোডার স্কাউট লিডার ড. ফতিমা আক্তার, তানজীনা বিনতে নূর, জ্যোতিষী চাকমা, বদল মিয়াহ তেজা বিশ্ববিদ্যালয় প্রাক্তন রোডার স্কাউট ফোরামের (ভুরসেফ) নেত্রী উপস্থিত ছিলেন।